



বর্ডার গার্ড বাংলাদেশ এ যোগ দিন সীমান্ত রক্ষায় গর্বের অংশীদার হোন ডিজিটাল পদ্ধতিতে ১০০তম ব্যাচে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী ভর্তির বিজ্ঞপ্তি

১। শিক্ষাগত যোগ্যতা, বেতন স্কেল ও বয়স।

ক্রমিক	বিবরণ	শর্তাবলী
ক।	শিক্ষাগত যোগ্যতা	এসএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.০০ এবং এইচএসসি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)।
খ।	বেতন স্কেল	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯০০০ - ২১৮০০/- টাকা। তৎসহ বাড়ি ভাড়া, বাসস্থান এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য সুবিধাদি।
গ।	বয়স	০২-৭-২০২৩ তারিখে বয়স ১৮ হতে ২৩ বছর (জন্ম তারিখ ০৩-৭-২০০০ হতে ০২-৭-২০০৫ এর মধ্যে হতে হবে)। বয়স গণনার ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য নয় (পুরুষ ও মহিলা প্রার্থী উভয়ের জন্য প্রযোজ্য)।

২। শারীরিক যোগ্যতা।

ক্রমিক	বিবরণ	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে	মহিলা প্রার্থীদের ক্ষেত্রে
ক।	উচ্চতা	১.৬৬৬ মিটার (৫'-৬") ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ১.৬২৫ মিটার (৫'-৪")	১.৫৭৪ মিটার (৫'-২") ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ১.৫২৪ মিটার (৫'-০")
খ।	ওজন	৪৯.৮৯৫ কেজি (১১০ পাউন্ড) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড)	৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৪৩.৫৪৪ কেজি (৯৬ পাউন্ড)
গ।	বুকের মাপ	স্বাভাবিক ৮১.২৮ সেঃ মিঃ (৩২ ইঞ্চি) স্কীত ৮৬.৩৪ সেঃ মিঃ (৩৪ ইঞ্চি) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ক্ষেত্রে ৭৬.২০ সেঃ মিঃ (৩০ ইঞ্চি) স্কীত ৮১.২৮ সেঃ মিঃ (৩২ ইঞ্চি)	স্বাভাবিক ৭১.১২ সেঃ মিঃ (২৮ ইঞ্চি) স্কীত ৭৬.২০ সেঃ মিঃ (৩০ ইঞ্চি)
ঘ।	দৃষ্টিশক্তি	৬/৬	৬/৬

৩। বৈবাহিক অবস্থা। অবিবাহিত (তালাকপ্রাপ্ত গ্রহণযোগ্য নহে)।

৪। অত্র বাহিনীর জনবল,হ্রাস/বৃদ্ধির উপর ভিত্তি করে মহাপরিচালক মহোদয় (নিয়োগকারী কর্তৃপক্ষ) জেলা কোটা কম/বেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। ভর্তির তারিখ ও স্থান। প্রার্থীকে এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

৬। জেলা কোটা। সকল জেলাসমূহ হতে সিপাহী (জিডি) পদে পুরুষ ও মহিলা প্রার্থী ভর্তি করা হবে। ভর্তি কোটার সংখ্যা সীমিত।

৭। এসএমএস (SMS) এর জন্য প্রযোজ্য কোডসমূহ। রেজিস্ট্রেশনের জন্য এসএমএস (SMS) করতে প্রয়োজনীয় কোডসমূহ নিম্নরূপ ঃ ক। **HSC & SSC Board Keyword**। এসএমএস (SMS) প্রেরণের সময় এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পাশের নিম্নবর্ণিত বোর্ড কী ওয়ার্ড ব্যবহার করতে হবে ঃ

HSC & SSC Board Name & Board Keyword					
Board Name	Board Keyword	Board Name	Board Keyword	Board Name	Board Keyword
Dhaka	DHA	Barishal	BAR	Madrasa	MAD
Rajshahi	RAJ	Sylhet	SYL	Bangladesh Open University (BOU)	OTH
Jashore	JAS	Dinajpur	DIN	Technical Board ★	TEC/HBM/DIC/VOC (৪টি হতে যে কোন একটি নির্বাচন করতে হবে)
Cumilla	CUM	Chattogram	CHA		
Diploma In Business Studies	DIBS	Mymensingh	MYM		

★ **Technical Board** এর আওতাধীন **Technical (TEC), Higher Business Management (HBM), Diploma in Civil (DIC), Vocational (VOC)** উল্লিখিত বিভাগ ছাড়াও যে সকল প্রার্থীদের রেজাল্ট অনলাইনে পাওয়া যায় না সে সকল প্রার্থীগণকে SMS প্রেরণের সময় বোর্ড কী ওয়ার্ড হিসেবে **OTH** টাইপ করতে হবে।

খ। **Home District Code**। এসএমএস (SMS) প্রেরণের সময় নিম্নবর্ণিত **Home District Code** ব্যবহার করতে হবে ঃ

Home District Name & District Code					
District Name	Code	District Name	Code	District Name	Code
Panchagarh	01	Kushtia	17	Netrakona	33
Thakurgaon	02	Meherpur	18	Mymensingh	34
Dinajpur	03	Chuadanga	19	Sherpur	35
Nilphamari	04	Jhenaidah	20	Jamalpur	36
Lalmonirhat	05	Magura	21	Tangail	37
Rangpur	06	Narail	22	kishoreganj	38
Kurigram	07	Jashore	23	Manikganj	39
Gaibandha	08	Satkhira	24	Dhaka	40
Joypurhat	09	Khulna	25	Gazipur	41
Bogura	10	Bagerhat	26	Narsingdi	42
Naogaon	11	Pirojpur	27	Narayanganj	43
Natore	12	Jhalokati	28	Munshiganj	44
Chapai-nowabgonj	13	Barishal	29	Faridpur	45
Rajshahi	14	Bhola	30	Rajbari	46
Sirajganj	15	Patuakhali	31	Gopalganj	47
Pabna	16	Barguna	32	Madaripur	48
				Bandarban	64

৮। রেজিস্ট্রেশন। **বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১ ও ২ অনুযায়ী** আগ্রহী যোগ্য পুরুষ ও মহিলা প্রার্থীগণ **আগামী ২২ জানুয়ারি ২০২৩ তারিখ ১০০০ ঘটিকা হতে ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ ২৪০০ ঘটিকা পর্যন্ত** টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে ইংরেজিতে এসএমএস (SMS) প্রেরণের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন।

ক। **এসএমএস (SMS) এর মাধ্যমে রেজিস্ট্রেশন করার নিয়মাবলী ঃ**

- বর্ডার গার্ড বাংলাদেশ এ সিপাহী (জিডি) পদে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ভর্তি ইচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীগণ টেলিটকের প্রিপেইড মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করণ ঃ **BGB<Space>HSC PASS YEAR<Space>HSC BOARD KEYWORD<space>HSC ROLL<space>SSC PASS YEAR<space>SSC BOARD KEYWORD<space>SSC ROLL<space>HOME DISTRICT CODE<space>UPAZILLA NAME → SEND TO 16222**
উদাহরণ ঃ **BGB 2021 DHA 236098 2019 DHA 405698 40 MIRPUR →SEND TO 16222**
- প্রার্থীদের এসএমএস (SMS) প্রাপ্তির পর তাৎক্ষণিক তথ্য যাচাই করে যোগ্য প্রার্থীদেরকে একটি পিন (PIN) নম্বর সম্বলিত এসএমএস (SMS) টেলিটক নম্বরে প্রেরণ করা হবে। অযোগ্য প্রার্থীদের অযোগ্যতার কারণ এসএমএস (SMS) এ উল্লেখ থাকবে।
- যোগ্য প্রার্থীদের পিন (PIN) নম্বর প্রাপ্তির পর ১০০.০০ টাকা আবেদন ফি প্রদান করতে ইচ্ছুক হলে পুনরায় টেলিটক মোবাইলের মেসেজ অপশনে গিয়ে নিম্নবর্ণিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করতে হবে ঃ

- BGB<space>YES<space>PIN NUMBER<space>CONTACT MOBILE NUMBER (Any Mobile Operator) →SEND TO 16222**
উদাহরণ ঃ **BGB YES 99409812 01XXXXXXXXXX →SEND TO 16222**
- ভর্তি কার্যক্রমের ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা কর্তন করা হবে বিধায় দ্বিতীয়বার মেসেজ প্রেরণের পূর্বে টেলিটকের প্রিপেইড মোবাইলের ব্যালেন্স এসএমএস (SMS) প্রেরণ চার্জসহ ন্যূনতম ১১০.০০ (একশত দশ) টাকা থাকা আবশ্যক।
- দ্বিতীয়বার এসএমএস (SMS) প্রাপ্তির পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বরসহ একটি কনফার্মেশন এসএমএস (SMS) টেলিটক ও প্রার্থীর নিজস্ব মোবাইলে প্রেরণ করা হবে।
- ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর হারিয়ে/ভুলে গেলে পুনরায় পাওয়ার জন্য নিম্নলিখিত তথ্যগুলি টাইপ করে টেলিটক প্রিপেইড মোবাইল হতে ১৬২২২ নম্বরে প্রেরণ করণ ঃ **BGB<space>SOLDIER<space>HELP<space>SSC BOARD KEYWORD<space>SSC ROLL<space>PASSING YEAR<space>HOME DISTRICT CODE<space>UPAZILLA NAME → SEND TO 16222**
উদাহরণ ঃ **BGB SOLDIER HELP DHA 405698 2019 40 MIRPUR →SEND TO 16222**

- শুধুমাত্র কনফার্মেশন মেসেজ প্রাপ্ত প্রার্থীগণের এসএমএস (SMS) এ সরবরাহকৃত নিজস্ব মোবাইল নম্বরে পরবর্তীতে BGB এর গ্রামীণ অথবা রবি নম্বর (০১৭২৯০২৪৮৪৮ অথবা ০১৮৪৭১৬৯৭৭৭) এর মাধ্যমে পরীক্ষার স্থান, তারিখ ও অন্যান্য তথ্যাদি জানিয়ে এসএমএস (SMS) করা হবে।
- পরীক্ষায় উপস্থিত হওয়ার তারিখ ও সময় সম্বলিত মেসেজ মুছে/ভুলে গেলে যেকোন টেলিটক নম্বর থেকে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে নিম্ন লিখিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করণ ঃ **BGB<space>SOLDIER<space>HELP<space>ROLL<space>REGISTRATION NUMBER → SEND TO 16222**
উদাহরণ ঃ **BGB SOLDIER HELP ROLL 100GD-650001 → SEND TO 16222**
- ফি জমা দেওয়ার পর আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে। একবার চূড়ান্ত আবেদনের পর তা আর সংশোধন বা পরিবর্তন করা যাবে না।

৯। প্রার্থীদের মেডিক্যাল ও লিখিত পরীক্ষা গ্রহণ। নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকেই Fasting Sugar, HbA1C, HBs Ag, Anti HCV, Serum Creatinine এবং Dope Test সম্পন্ন করানো হবে। উল্লেখ্য, Fasting Sugar, HbA1C & Serum Creatinine রক্ত পরীক্ষায় যোগ্য, HBs Ag ও Anti HCV রক্ত পরীক্ষায় নেগেটিভ (Negative) এবং Dope Test (Urine) পরীক্ষায় Not Detected ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই চূড়ান্তভাবে নির্বাচিত বলে গণ্য হবে। পরবর্তীতে সরকারের যথাযথ এজেন্সীর মাধ্যমে তদন্ত প্রতিবেদন (VR) সম্পন্ন হওয়ার পর সঠিক তদন্ত প্রতিবেদন প্রাপ্ত সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

১০। ভর্তির সময় অবশ্যই যা সংগে আনতে হবে।

- ক। এসএসসি এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় পাাসের মূল/প্রতিশ্রুত সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
- খ। সংশ্লিষ্ট স্কুল/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ কর্তৃক এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পাাসের প্রশংসাপত্র যাতে প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ উল্লেখ থাকবে।
- গ। অভিভাবকের অনুমতি পত্র যা সংশ্লিষ্ট চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) কর্তৃক সত্যায়িত।
- ঘ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) এর নিকট হতে বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্র।
- ঙ। চারিত্রিক সনদপত্র।
- চ। সদ্য তোলা নীল ব্যাকগ্রাউন্ড সম্বলিত ল্যাবে প্রিন্টকৃত ১১ (এগার) কপি পাসপোর্ট সাইজের ছবি (০১ কপি ছবি ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার দ্বারা সত্যায়িত এবং ১০ কপি সত্যায়িত ব্যতীত)
- ছ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত অবিবাহিত সনদপত্র।
- জ। জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি।
- বা। **http://www.bgb.gov.bd** লিংকে প্রবেশ করে ডাউনলোড অপশনে গিয়ে বিজিবিতে ভর্তিচ্ছুক প্রার্থীদের তথ্যাদির ফরমে ক্লিক করতে হবে এবং ফরমটি ডাউনলোড ও প্রিন্ট পূর্বক উক্ত ফরমে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পূরণ করতঃ ভর্তির সময় সংগে আনতে হবে।
- ঞ। **বিজিবি এর কর্মরত/অবসরপ্রাপ্ত/শহীদ/মৃত সদস্যের সন্তানদের জন্য**। প্রার্থীর সত্যায়িত ছবি, পিতার রেজিমেন্ট নম্বর, পদবী, নাম উল্লেখ পূর্বক স্থায়ী ঠিকানা সম্বলিত সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের মূলকপিসহ সত্যায়িত ছায়াকপি উপস্থাপন করতে হবে। এছাড়া কর্মরত বিজিবি সদস্যের সন্তানগণ পিতার বর্তমান পরিচয়পত্রের সত্যায়িত ছায়াকপি এবং অবসরপ্রাপ্ত, শহীদ ও মৃত বিজিবি সদস্যের সন্তানগণকে তার পিতার পেনশন বহি, কার্যমুক্তি ছাড়পত্র ও পরিচয়পত্র (যা বিদ্যমান) নির্বাচনী পর্যদের নিকট উপস্থাপনের জন্য সংগে আনতে হবে।

- ট। **মুক্তিযোদ্ধা, বিএনসিসি ক্যাডেট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায় এবং সরকারী নিবাসী (এতিম) সদস্য প্রার্থীদের জন্য প্রযোজ্য ঃ**
 - মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানদের সন্তান এর জন্য**। মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানদের সন্তান হিসেবে চিহ্নিত করণের জন্য স্থায়ী ঠিকানার স্থানীয় ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক ঊরসজাত সন্তান হিসেবে প্রদত্ত প্রত্যয়নপত্র যা উপজেলা নির্বাহী কর্মকর্তা/১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট দ্বারা প্রতিস্বাক্ষরিত হতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট উপস্থাপন করতে হবে। এছাড়া নিম্নবর্ণিত নথিপত্র সংগে আনতে হবে ঃ
 - মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত)/জন্ম সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।
 - মুক্তিবর্তার ফটোকপি (সত্যায়িত)। উল্লেখ্য মুক্তিবর্তার প্রথম পাতাসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামের পাতা।
 - সরকার কর্তৃক জারিকৃত মুক্তিযোদ্ধার গেজেটের ফটোকপি (সত্যায়িত)। উল্লেখ্য, গেজেটের প্রথম পাতাসহ সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নামের পাতা।
 - মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র (মূলকপি)।
 - বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।
 - মুক্তিযোদ্ধার নাতির ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র ও পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (সত্যায়িত)।
 - মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র এবং নাতিদের ক্ষেত্রে পিতা বা মাতার নাগরিকত্ব সনদপত্র।
 - বিএনসিসি’র ক্যাডেটদের জন্য**। বিএনসিসি’র অগ্রহী ক্যাডেট বিজিবিতে ভর্তির ক্ষেত্রে বিএনসিসি রেজিমেন্ট কমান্ডার কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্র উপস্থাপন করতে হবে।
 - আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য**। জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা এ্যাডজুটেন্ট এর প্রতিস্বাক্ষরিত, থানা কর্মকর্তা দ্বারা প্রদত্ত প্রত্যয়নপত্র এবং পরিচয়পত্র উপস্থাপন করতে হবে।
 - ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের জন্য**। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সনদপত্র উপস্থাপন করতে হবে।
 - সরকারী এতিমখানা নিবাসী (এতিম) সদস্য**। সরকারী ও সরকারী নিবন্ধন প্রাপ্ত এতিমখানার প্রধান কর্মকর্তা কর্তৃক দেয়া প্রশংসাপত্র যাতে প্রার্থী এতিম এবং প্রার্থীর পূর্বকালীন স্থায়ী ঠিকানা, জন্ম এবং এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বর উল্লেখ থাকতে হবে।

১১। **খেলোয়াড়।** আন্তর্জাতিক ও জাতীয় পদক অর্জনকারী খেলোয়াড়দের অগ্রাধিকার দেয়া হবে। জাতীয় পর্যায়ের খেলোয়াড়/বিকেএসপি/বিদেশী ক্রীড়া একাডেমিতে প্রশিক্ষণপ্রাপ্ত ও সন্তানবনাময় খেলোয়াড়দের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে মানসম্মত এবং দক্ষ খেলোয়াড়দের বিভিন্ন প্রতিযোগিতায় অর্জিত সনদপত্র সংগে আনতে হবে।

১২। **বিশেষ দৃষ্টব্য**

- ক। পরীক্ষার স্থান তারিখ ও সময় উল্লেখ পূর্বক প্রেরিত এসএমএস (SMS) টি যে সিম ও মোবাইল নম্বরে প্রাপ্ত হবে সেটি অবশ্যই সাথে আনতে হবে। বিজিবি কর্তৃক প্রেরিত এসএমএস (SMS) এর কপি/ক্লিনশট/ফরওয়ার্ডকৃত মেসেজ গ্রহণযোগ্য হবে না।
- খ। প্রার্থীর নাম, ঠিকানা ও জেলা ইত্যাদির ভুল তথ্য সম্বলিত এসএমএস (SMS) গ্রহণযোগ্য হবে না এবং প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- গ। বিজিবিতে ভর্তিচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীকে অবশ্যই সাঁতার জানতে হবে।
- ঘ। কোন প্রার্থী ফৌজদারী অপরাধে আদালত কর্তৃক দণ্ড প্রাপ্ত হলে বিজিবিতে ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।
- ঙ। এক জেলার প্রার্থী অন্য জেলায় ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে। কোন প্রার্থী স্থায়ী ঠিকানা গোপন করে অন্য জেলায় ভর্তি হয়েছে বলে প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে।
- চ। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ আনসার ও ভিডিপি অথবা প্রজাতন্ত্রের অন্য কোন চাকুরী হতে প্রাথমিক প্রশিক্ষণ বা চাকুরীরত অবস্থায় বহিস্কৃত হলে সংশ্লিষ্ট প্রার্থী ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।
- ছ। ভর্তির জন্য আগত প্রার্থীদের কোনরূপ ভাতা প্রদান করা হবে না।
- জ। ভর্তির জন্য আগত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার জন্য ক্লিপবোর্ড ও কলম সাথে আনতে হবে।
- ঝ। ডাইভিং লাইসেন্সপ্রাপ্ত এবং কম্পিউটারে দক্ষ প্রার্থীদেরকে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
- ঞ। **মাদক হইতে সাবধান। বিজিবিতে ভর্তি প্রক্রিয়ায় ডাক্তারী পরীক্ষার সময় মাদকাসক্ত ব্যক্তি নির্ণয় করার জন্য Dope Test করা হয়।**
- ১৩। ভর্তির সময় দাখিলকৃত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অন্যান্য কাগজপত্র ও ঠিকানা পরবর্তীতে ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ পূর্বক “চাকুরী হতে বরখাস্ত” করে পুলিশের নিকট সোপর্দ করা হবে।
- ১৪। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির পর কোন প্রার্থীর জমাকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী আইনে বিচারের জন্য তাকে পুলিশের নিকট সোপর্দ করা হবে।
- ১৫। **বিজিবি ওয়েব সাইট**। ভর্তি সংক্রান্ত কোন তথ্যাদি ওয়েব সাইটে জানতে হলে Visit করুন **http://www.bgb.gov.bd**
- ১৬। **HELP DESK.** এসএমএস সংক্রান্ত তথ্য অনুসন্ধানের জন্য যে কোন মোবাইল ফোন হতে ০১৭৬৯৬০০৮৯৮ নম্বরে অথবা টেলিটক মোবাইল হতে ১২১ নম্বরে কল করুন।

সর্বাবস্থায় স্বাস্থ্যবিধি মেনে চলুন

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এ ভর্তির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন

- বিজিবিতে সিপাহী পদে ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তি ও মোবাইল এসএমএস এ উল্লিখিত তারিখ ও স্থান অনুযায়ী বিজিবি রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে। বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।
- আপনি আপনার যোগ্যতাবলেই বিজিবিতে সিপাহী পদের জন্য নির্বাচিত হবেন, কোন ব্যক্তির তদবির বা সুপারিশ আপনার অযোগ্যতা প্রমাণ করে।
- বিজিবিতে ভর্তির বিষয়ে কোন প্রকার আর্থিক লেনদেন এর ঘটনা প্রমাণিত হলে চাকুরী জীবনের যে কোন সময় শাস্তি প্রদানসহ চাকুরীচ্যুত করা হয়ে থাকে।
- বিজিবিতে কেবলমাত্র রিক্রুটিং অফিসার কর্তৃক সরাসরি লোক ভর্তি ও নিয়োগপত্র প্রদান করা হয়ে থাকে। তাই ভর্তির ব্যাপারে প্রতারক বা দালালদের কবল হতে সতর্ক থাকুন। উৎকোচের বিনিময়ে বিজিবিতে লোক ভর্তি করা হয় না। কেউ প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন।
- সরকারী জাতীয় পত্রিকা, বিজিবি ওয়েবসাইট এবং বিজিবি কর্তৃক প্রচারিত পোস্টার ছাড়া অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম অথবা পোর্টালে বিজিবি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়না। অতএব রেজিস্ট্রেশনের ক্ষেত্রে অসমর্থিত উৎস হতে প্রাপ্ত নিয়োগ বিজ্ঞপ্তি হতে সতর্ক থাকুন।
- প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অবহিত করুন। প্রতারকের কবল থেকে নিজে বাঁচুন, অন্যকে বাঁচান।

উপ মহাপরিচালক
রেকর্ড উইং
মহাপরিচালকের পক্ষে